শিক্ষাক্রম

দৈনিক সংবাদ

24

তারিখ 14 NOV 1992
পৃষ্ঠা ৪ কলাম ২

## জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড কর্তৃপক্ষের জবাব কি?

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড কর্তৃক প্রণীত নবম-দশম শ্রেণীর জন্যে 'হিসাবরক্ষণ' বইটিতে জানুয়ারি ১৯৯১ পুনর্মুদ্রণ সংখ্যা প্রথম অধ্যায়ের দ্বিতীয় পৃষ্ঠায় প্রারম্ভিক আলোচনায় বলা হয়েছে যে, 'ইতালীয় ধর্মযাজক এবং গণিত-শাস্ত্রবিদ লুকা প্যাসিওলি ১৯৪৯ খৃষ্টাব্দে তার "সুম্মা ডি এরিথমেটিকা জিওমেট্রিয়া এপোরশনা এট প্রপোরশনলিটা" নামক গ্রন্থে দু'তরফা দাখিলা পদ্ধতির মূলনীতি বা সূত্র ব্যাখ্যা করেন।

আমরা জানি, ইতালীয় ধর্মযাজক এবং গণিতশাস্ত্রবিদ লুকা প্যাসিওলি ১৪৯৪ খৃষ্টাব্দে তার উক্ত দু'তরফা দাখিলা পদ্ধতির মূলনীতি বা সূত্র ব্যাখা করেন। জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড-এর মতো এমন একটি দায়িত্বশীল এবং গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠানের কাছে এমন ধরনের ভুল কারও কাম্য নয়।

বাণিজ্য শিক্ষার প্রারম্ভেই শিক্ষার্থীরা যদি এমন ভুল শিক্ষা পায়, তাহলে তাদের ক্ষতির দিকটা জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড কর্তৃপক্ষ ভেবে দেখবেন কি? আর এ ব্যাপারে কর্তৃপক্ষের জবাবই বা কি?

সনজিৎ কুমার দত্ত (খোকন)
বি, কম (অনার্স) এম, কম
৪১৫ জগন্নাথ হল (অক্টোবর স্মৃতি ভবন)
ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা